

সংবাদ

ঘিওরে ১৪০টি স্কুলে শিক্ষা কর্মকর্তাদের পরিদর্শন

প্রতিনিধি, ঘিওর (মানিকগঞ্জ)

মানিকগঞ্জের ঘিওরে গত শনিবার প্রাথমিক শিক্ষা বিভাগের আয়োজনে উপজেলার সরকারি, বেসরকারি প্রাথমিক বিদ্যালয়, কিডার গার্টেন, এবতেদায়ি মাদ্রাসা ও এনজিও পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার গুণগত মান যাচাইয়ে শিক্ষা কর্মকর্তারা ১৪০টি প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন করেছেন। মানিকগঞ্জ ও পার্শ্ববর্তী জেলার ৮৮ জন শিক্ষা প্রশাসনিক কর্মকর্তা এ পরিদর্শনে অংশ নেন। এ সময় ঢাকা বিভাগের সহকারী পরিচালক মোঃ আলী রেজা, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার আলোয়া ফেরদৌসী শিখা, এডিপিইও, ডিডি অফিস, ঢাকা মোঃ তসলিম হোসেন, উপজেলা শিক্ষা অফিসার দীপক কুমার, গোষ্ঠী প্রমুখ। এছাড়া পরিদর্শনকারী কর্মকর্তা হিসেবে বিভাগীয় উপ-পরিচালকের সাথে গাজীপুর ও মানিকগঞ্জ পি.টি.আই-এর সুপারিনটেনডেন্টসহ ও সংশ্লিষ্ট পি.টি.আই-এর ইন্সট্রাক্টরবৃন্দ, ঢাকা, গাজীপুর ও মানিকগঞ্জ জেলার এডিপিইওগণ, সরুল উপজেলা শিক্ষা অফিসার ও সহকারী উপজেলা শিক্ষা অফিসারবৃন্দ, ইউআরসির ইন্সট্রাক্টর ও সহকারী ইন্সট্রাক্টরবৃন্দ দায়িত্ব পালন করেন।

জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আলোয়া ফেরদৌসী শিখা বলেন, ছাত্র-ছাত্রীর ভর্তি ও উপস্থিতি নির্ণয়, বই বিতরণ ও চাহিদা, উপবৃত্তি, স্বরে পড়া শিক্ষার্থীর সংখ্যা যাচাইয়ের লক্ষে ঘিওর উপজেলার ১৪০টি শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়েছে। উপজেলার বানিয়াছুরী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পরিদর্শকদের নিয়ে প্রথম সভা অনুষ্ঠিত হয়। সেখান থেকে বানিয়াছুরী, নালী ও বাগিয়াখোড়া ইউনিয়নের সরকারি-বেসরকারি প্রাথমিক বিদ্যালয়, কিডার গার্টেনসহ এবতেদায়ি মাদ্রাসা ও এনজিও পরিচালিত স্কুল পরিদর্শনে বের হন পরিদর্শকরা। এছাড়া উপজেলার ঘিওর, বরটিয়া, সিংছুরী, পয়লা ইউনিয়নের সবগুলো বিদ্যালয় পরিদর্শনের আগে ঘিওর আদর্শ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পরিদর্শকদের সভা অনুষ্ঠিত হয়। সেখান থেকে চারটি ইউনিয়নের স্কুল পরিদর্শনে বের হন কর্মকর্তারা। উপজেলার শিক্ষা ক্ষেত্রে গুণগত মানোন্নয়নে বিশেষ কার্যকরী ভূমিকা রাখবে বলে উপজেলা চেয়ারম্যান খন্দাকর লিয়াকত হোসেন জানান।